**সেবার তালিকাঃ**

১। জাতীয় জীবনের সকল ক্ষেত্রে মহিলাগণের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কাজ করা।
২। মহিলাগণের জন্য কারিগরী ও বৃত্তিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা করা।
৩। অর্থনৈতিক স্বাবলম্বিতা অর্জনে মহিলাগণকে সহায়তা দান করা।
৪। মহিলাগণের আইন গত অধিকার রক্ষার্থে সাহায্য করা।
৫। পরিবার কল্যাণমূলক ব্যবস্থাদি গ্রহণে মহিলাগণকে উদ্বুদ্ধ করা।
৬। মহিলা কল্যাণে নিয়োজিত সরকারী ও বেসরকারী,দেশী ও বিদেশী প্রতিষ্ঠানের সহিত যোগাযোগ স্থাপন করা ও সহযোগিতা করা।
৭। জাতীয় উন্নয়ন কর্মকান্ডে মহিলাগণকে সম্পৃক্ত করার জন্য চেষ্টা করা।
৮। সমবায় সমিতি গঠন ও কুটির শিল্প স্থাপনে মহিলাগণকে উৎসাগিত করা।
৯। ক্রীড়া ও সাংস্কৃতিক ক্ষেত্রে মহিলাগণের অংশ গ্রহণের সুযোগ সৃষ্টি করা।
১০। মহিলাগণের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে সম্মেলন, সেমিনার ও কর্মশালার ব্যবস্থা করা।
১১। উপরিক্ত কার্যবলী সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোন পদক্ষেপ গ্রহণ করা।

কি কি সেবা কি কি ভাবে পাবেনঃ

১। জাতীয় মহিলা সংস্থার আওতায় সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণ: ৪ মাসের কোর্স। ২ শিফটে ৩০ জন প্রশিক্ষনার্থী। দৈনিক ১০০/- টাকা হারে ভাতা এবং চূড়ান্ত পরীক্ষা গ্রহণ সাপেক্ষে গ্রেড অনুযায়ী সনদপত্র প্রদান করা হয়।
২। মহিলাদের আত্ন-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম : এককভাবে ৫০০০/- টাকা হতে ১৫০০০/- টাকা পর্যন্ত ঋণ প্রদান হরা হয়। ২/৩ মাস গ্রেস পিরিয়ড। ৫% সার্ভিস চার্জ। ২২ মাসে ২২টি মাসিক কিস্তিতে ঋণ আদায়যোগ্য। ৬৯৯ জন মহিলাকে বিভিন্ন প্রকল্পের উপর ৯১,০০০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। ঋণ আদায় ৮২% । ঋণ আদায় অব্যহত আছে।
৩। স্ব-কর্ম সহায়ক ঋণ প্রকল্প: একক অথবা দলগত ভাবে সর্বনিম্ন ২০০০/- টাকা হতে ১০০০০/- টাকা পর্যন্ত ঋণ প্রদান করা হয়। ২/৩ মাস গ্রেস পিরিয়ড। ১০% সার্ভিস চার্জ। ১২ মাসে ১২টি মাসিক কিস্তিতে ঋণ আদায়যোগ্য। ১৬ জন মহিলাকে দলগতভাবে ৯৫,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। ঋণ আদায় অব্যহত আছে।
৪। সমাপ্ত গ্রামীণ মহিলা উন্নয়ন প্রকল্প: দল গঠন করে একক ভাবে সর্বনিম্ন ২০০০/- টাকা হতে ১০০০০/- টাকা পর্যন্ত ঋণ প্রদান। ২/৩ মাস গ্রেস পিরিয়ড। ১০% সার্ভিস চার্জ। ১২ মাসে ১২টি মাসিক কিস্তিতে ঋণ আদায়যোগ্য। ৫৮ জন মহিলাকে দলগতভাবে ১,৬০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। ঋণ আদায় অব্যহত আছে।
৫। সমাপ্ত গ্রামীণ উদ্যেক্তা উন্নয়ন প্রকল্প: দল গঠন করে একক ভাবে সর্বনিম্ন ৩০০০০/- টাকা হতে ১৫০০০০/- টাকা পর্যন্ত ঋণ প্রদান। ২/৩ মাস গ্রেস পিরিয়ড। ১০% সার্ভিস চার্জ। ২৪ মাসে ২৪টি মাসিক কিস্তিতে ঋণ আদায়যোগ্য। ২২ জন মহিলাকে দলগতভাবে ৬,৮৫,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে । ঋণ আদায় অব্যহত আছে।
৬। জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা): ৬ মাসের কোর্স। ২ শিফটে ৫০জন প্রশিক্ষনীর্থী। কোর্স ফি ১০০০/- টাকা। কারিগরি বোর্ড কর্তৃত চূড়ান্ত পরীক্ষা গ্রহণ সাপেক্ষে গ্রেড অনুযায়ী সনদ পত্র প্রদান করা হয়।
৭। তথ্য আপা: ডিজিটিাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়): ঠাকুরগাঁও জেলার ৫ টি উপজেলায় চলমান রয়েছে। গ্রামীন সুবিধা বঞ্চিত মহিলাদের তথ্য প্রযুক্তিতে প্রবেশধিকার এবং তথ্য প্রযুক্তিভিত্তিক সেবা প্রদান করে মহিলাদের ক্ষমতায়ন কার্যক্রম অব্যাহত রয়েছে।
৮। জাতীয় মহিলা সংস্থার আওতায় যৌতুক ও বাল্যবিবাহ নিরোধকল্পে সচেতনতামুলক উঠান বৈঠক ৩ মাস অন্তর অন্তর ১ টি করে করা হয়।
৯। জাতীয় মহিলা সংস্থার আওতায় লিগ্যাল এইড এর মাধ্যমে আইনগত সহায়তা প্রদনি করা হয়।
১০। তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যেক্তাদের বিকাশ সাধন প্রকল্প: ঠাকুরগাঁও জেলার রানীশংকৈল উপজেলায় কার্যক্রম চলমান রয়েছে।
(ক) বিউটিফিকেশন ৮০ দিনের কোর্স। দৈনিক ভাতা- ১৫০/ - টাকা। পরীক্ষা গ্রহণান্তে সনদ পত্র প্রদান করা হয়।
(খ) ক্যাটারিং ৮০ দিনের কোর্স। দৈনিক ভাতা- ১৫০/- টাকা। পরীক্ষা গ্রহণান্তে সনদ পত্র প্রদান করা হয়।
(গ) ফ্যাশন ডিজাইন ৮০ দিনের কোর্স। দৈনিক ভাতা- ১৫০/- টাকা। পরীক্ষা গ্রহণান্তে সনদ পত্র প্রদান করা হয়।
(ঘ) ইন্টেরিয়ার ডিজাইন এন্ড ম্যানেজমেন্ট ৮০ দিনের কোর্স। দৈনিক ভাতা- ১৫০/- টাকা। পরীক্ষা গ্রহণান্তে সনদ পত্র প্রদান করা হয়।
(ঙ) বিজনেস ম্যানেজমেন্ট ৪০ দিনের কোর্স। দৈনিক ভাতা- ১৫০/- টাকা। পরীক্ষা গ্রহণান্তে সনদ পত্র প্রদান করা হয়।